# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৩০০

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ، حَدَّثَنِي نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا نُوحُ بْنُ قَيْسٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ خالد، عَنْ يُوسُفَ بْنِ مَازِنٍ: أَنَّ رَجُلًا سَأَلَ عَلِيًّا، فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، انْعَتْ لَنَا رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ صِفَةً لَنَا، فَقَالَ: " كَانَ لَيْسَ بِالذَّاهِبِ طُولًا، وَفَوْقَ الرَّبْعَةِ، إِذَا جَاءَ مَعَ الْقَوْمِ غَمَرَهُمْ، أَبْيَضَ شَدِيدَ الْوَضَحِ، ضَخْمَ الْهَامَةِ، أَغَرَّ أَبْلَجَ، هَدِبَ الْأَشْفَارِ، شَثْنَ الْكَفَّيْنِ وَالْقَدَمَيْنِ، إِذَا مَشَى يَتَقَلَّعُ كَأَنَّمَا يَنْحَدِرُ فِي صَبَبٍ، كَأَنَّ الْعَرَقَ فِي وَجْهِهِ اللُّؤْلُؤُ، لَمْ أَرَ قَبْلَهُ وَلا بَعْدَهُ مِثْلَهُ بِأَبِي وَأُمِّي صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

إسناده ضعيف لانقطاعه، يوسف بن مازن لم يُدرك علياً بينهما رجل لم يسم كما في الحديث الآتي، وخالد بن خالد مجهول لا يُعرف، انظر "ذيل الكاشف. لأبي زرعة العراقي ص 90، و"تعجيل المنفعة" ص 111-112
وأخرجه ابن سعد في "الطبقات" 1/411 ، والبيهقي في "دلائل النبوة" 216-1/217 و252 من طريق سعيد بن منصور، عن نوح بن قيس، بهذا الإسناد
ورواية البيهقي مختصرة. وانظر ما تقدم برقم (944)
الرَّبْعه: المربوع، وهو المتوسط

বাংলা

১৩০০। এক ব্যক্তি আলী (রাঃ)-কে বললেন, হে আমীরুল মুমিনীন, আমাদের নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের (দেহাকৃতির) বিবরণ দিন। আলী (রাঃ) বললেন, “তিনি খুব বেশি দীর্ঘকায় ছিলেন না, তবে মধ্যমের

চেয়ে কিছু বেশি লম্বা ছিলেন। যখন কোন দলের সাথে আসতেন, তখন তাদেরকে আচ্ছন্ন করে ফেলতেন, (অর্থাৎ তাদের সবার চেয়ে তাকে উঁচু মনে হতো)। তাঁর শরীরের রং ছিল সাদা ও অত্যধিক উজ্জ্বল, তাঁর মাথা ছিল বড়, পৃথক ভ্রু, অতীব শুভ্র, ঝুলন্ত চোখের পলক, হাত ও পা হৃষ্টপুষ্ট। হাঁটার সময় এমনভাবে সামনের দিকে ঝুঁকে হাঁটতেন যে, মনে হতো, কোন ঢালু জায়গায় নামছেন, মুখমণ্ডলের ঘামের ফোটা মুক্তার মত দেখাতো, তাঁর আগে ও পরে কখনো তাঁর মত কাউকে দেখিনি। আমার পিতা-মাতা তার জন্য উৎসর্গ হোক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67846

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন